

N-13/ODD/BNGP-501/013

TDC Odd Semester Examination, 2013

BENGALI

(Pass)

(5th Semester)

Course No. : BNGP-501

(আধুনিক বাংলা গদ্য ও নাটক)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

১। বাংলা সাহিত্যে আধুনিক গীতি-কবিতার জনক কে? রবীন্দ্রনাথ ঠাকুর তাঁকে কী অভিধায় ভূষিত করেছিলেন? “গীতের যে উদ্দেশ্য, যে কাব্যের সেই উদ্দেশ্য তাহাই গীতিকাব্য।” গীতিকাব্য সম্বন্ধে বঙ্কিমচন্দ্রের মন্তব্য ব্যাখ্যা করো।

১+১+১২=১৪

অথবা

২। ‘বাঙালির উৎপত্তি’ প্রবন্ধে মোট কয়টি পরিচ্ছেদ আছে? “‘বাঙালির উৎপত্তি’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের পুরাকৃত জ্ঞান, ভাষাতত্ত্বের প্রতি অনুরাগ, গভীর অনুসন্ধিৎসা, নৃতত্ত্ব ও সর্বোপরি ঐতিহাসিকের বস্তুনিষ্ঠ জিজ্ঞাসা প্রকাশিত হয়েছে।” মন্তব্যটির যথার্থ্য নির্ণয় করো।

১+১৩=১৪

৩। ‘কৃষ্ণকুমারী’ নাটকটি মধুসূদন কাকে উৎসর্গ করেছেন? James Tod-এর লিখিত কোন্ গ্রন্থ থেকে মধুসূদন ‘কৃষ্ণকুমারী’ নাটকের কাহিনী সংগ্রহ

করেছিলেন? ‘কৃষ্ণকুমারী’ নাটক সম্পর্কে মধুসূদন একটি চিঠিতে লিখেছিলেন : ‘What a romantic tragedy it will make!’ এই মন্তব্যটি কতদূর যথার্থ, আলোচনা করো।

১+১+১২=১৪

অথবা

৪। ‘কৃষ্ণকুমারী’ নাটকের পঞ্চম অঙ্কের প্রথম গর্তাঙ্কে একটি পত্রের উল্লেখ আছে, পত্রটির লেখক কে? মরুদেশের রাজার নাম কী? কৃষ্ণকুমারীর কাকার নাম কী? ‘কৃষ্ণকুমারী’ নাটকে অতিপ্রাকৃতের ব্যবহার সম্পর্কে আলোচনা করো।

১+১+১+১১=১৪

৫। ‘ছেঁড়াতার’ নাটকটি কত সালে রচিত হয়? ‘ছেঁড়াতার’ প্রথম কোথায় অভিনীত হয়? ‘নদীফিরা’ শব্দের অর্থ কী? ‘ছেঁড়াতার’ নাটকের সংলাপ রচনায় নাট্যকারের কৃতিত্ব পর্যালোচনা করো।

১+১+১+১১=১৪

অথবা

৬। মহিমবাবুর বন্ধুর নাম কী? যে মন্বন্তরের পটভূমিকায় ‘ছেঁড়াতার’ নাটকটি রচিত তা সাধারণত কী নামে পরিচিত? ‘ছেঁড়াতার’ নাটকটিতে দৃশ্য সংখ্যা কত? ‘ছেঁড়াতার’ নাটকের ফুলজান চরিত্রটি আলোচনা করো।

১+১+১+১১=১৪

৭। যে কোনো দুটি বিষয়ে টীকা লেখো :

৪X২=৮

(ক) বঙ্কিমচন্দ্রের মতে মহাকাব্য, নাটক এবং গীতিকাব্যের মধ্যে প্রধান প্রভেদ

(খ) কৃষ্ণকুমারীর মৃত্যুদৃশ্য

(গ) ‘ছেঁড়াতার’ নাটকে গানের ভূমিকা

(ঘ) ‘কৃষ্ণকুমারী’ নাটকের অহল্যাদেবী চরিত্র

14J-3300/321

N-13/ODD/BNGP-501/013